

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৭৩

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ৩৪. কোন ব্যক্তি অপর কোনো ব্যক্তির অভিভাবকত্ব লাভ করলে

باب فِي الرَّجُلِ يُوَالِي الرَّجُلَ

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ عَنْ إِسْرَائِيلَ عَنْ مَنْصُورٍ عَنْ إِبْرَاهِيمَ قَالَ سُئِلَ عَنْ رَجُلٍ مِنْ أَهْلِ السَّوَادِ أَسْلَمَ عَلَى يَدَيْ رَجُلٍ قَالَ يَعْقِلُ عَنْهُ وَيَرِثُهُ

বাংলা

৩০৭৩. মানসূর হতে বর্ণিত, ইবরাহীম (রহঃ) কে, তদানীন্তন কৃঞ্চকায় অঞ্চলের কোন লোকের (তথা আফ্রিকার খ্রিস্টান কিংবা দাসের) কোনো (মুসলিম) ব্যক্তির হাতে ইসলাম গ্রহণ করা সম্পর্কে জিজ্ঞাসা করা হলো। তখন তিনি বললেন, সে ব্যক্তি তার পক্ষ হতে (দিয়াত বা রক্তমুল্য) পরিশোধ করবে, আর এ ব্যক্তি তাকে ওয়ারিস বানাবে।[1]

## ফুটনোট

[1] তাহকীক্ব: সনদটি ইবরাহীম পর্যন্ত সহীহ।

তাখরীজ: আব্দুর রায্যাক ৯৮৭৩, ১৬২৭২; সাঈদ ইবনু মানসূর নং ২০৪। আরও দেখুন, আল মুহাল্লা ১১/৫৮-৫৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মানসূর ইবন মু'তামির (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন